



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বড়াইগ্রাম, নাটোর

বিজ্ঞপ্তি নম্বর: ০৫.৪৩.৬৯২৫.০০৪.০০.০২১.২০-৬৭৬

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩০
২৬ জুন, ২০২০

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্রছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল;

প্রতিযোগিতার নিয়মাবলী

- ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট আগামী ১৬ জুলাই ২০২০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আত্মঅভিভাব (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;
- ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ নম্বর: ০১৭৬২৬৯২২০৯ ই-মেইল: unoharairgram@mopa.gov.bd

অনুরোধক্রমে,

১৫.০৬.২০২০

মোঃ বোরহান উদ্দিন সিউ
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)

৩

সহকারী কমিশনার (ভূমি)
বড়াইগ্রাম, নাটোর